



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র (৫ম খন্ড)/২০১৯/২২৭

তারিখঃ ২৬ ডান্দ্র, ১৪২৭ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৫৫ তম কমিশন সভা বিগত ৩১/১২/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুহাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন সভায় Baraka Patenga Power Limited কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে প্রান্ত-সীমা মূল্য (Cut-off price) নির্ধারণের জন্য বিডিং এর অনুমোদন প্রদান করা হয়। আলোচ্য কোম্পানিটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ২২৫ (দুইশত পঁচিশ) কোটি টাকা মূলধন উত্তোলন করে তার সাবসিডিয়ারীতে (Karnaphuli Power Limited এবং Baraka Shikalbaha Power Limited) বিনিয়োগ, আংশিক দীর্ঘ মেয়াদী ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০ শে জুন, ২০২০ তারিখে সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV) ২৩.০০ টাকা (Consolidated), ২০.৯৮ টাকা (Separate) এবং শেয়ার প্রতি আয় (EPS) ০৪.৩৭ টাকা (Consolidated), ১.৮৪ টাকা (Separate)। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Lanka Bangla Investment Limited। আরও উল্লেখ্য, বিগত ০৫ টি আর্থিক বিবরণী অনুযায়ী কর পরবর্তী নীট মুনাফার ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted Average EPS) ৩.৩০ টাকা (Consolidated), ২.৮২ টাকা (Separate)। উল্লেখ্য যে, উক্ত বিষয়ে সম্মতি পত্র ইস্যুর তারিখ থেকে কোম্পানিটি আগামী ০৫ (পাঁচ) বছর বোনাস শেয়ার ইস্যুর মাধ্যমে তার মূলধন বৃদ্ধি করতে পারবে না এবং সব সময়ের জন্য তার সাবসিডিয়ারীতে ন্যূনতম ৫১% শেয়ার ধারণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

Placem
' 05-01-2021

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র